নির্বাচন পর্যবেক্ষণে ১৬ দেশের ৫৭ প্রতিনিধি, যোগ দেবে ইইউ-কমনওয়েলথ



সংগৃহীত ছবি

আগামী ১২ ফেব্রুয়ারির জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট পর্যবেক্ষণে অন্তত ১৬টি দেশ ৫৭ জন প্রতিনিধি পাঠাচ্ছে। এদের পাশাপাশি ইউরোপীয় ইউনিয়ন, কমনওয়েলথ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার কয়েক শত পর্যবেক্ষক মাঠে থাকবেন।

দ্বিপাক্ষিক দলের মধ্যে মালয়েশিয়া সর্বাধিক ১৪ জন এবং তুরস্ক ১২ জন পর্যবেক্ষক পাঠাচ্ছে। মালয়েশিয়া দলের নেতৃত্ব দেবেন দেশটির নির্বাচন কমিশন প্রধান দাতো শ্রী রামলান বিন দাতো হারুন। তুরস্ক দলের নেতৃত্বে থাকবেন বাংলাদেশের সাবেক তুর্কি রাষ্ট্রদূত মেহমেত ভাকুর এরকুল; দলে তুর্কি সংসদ সদস্যরাও রয়েছেন।

এ ছাড়া ইন্দোনেশিয়া, জাপান, পাকিস্তান, ভুটান, মালদ্বীপ, শ্রীলঙ্কা, ফিলিপাইন, জর্ডান, ইরান, জর্জিয়া, রাশিয়া, কিরগিজস্তান, উজবেকিস্তান ও দক্ষিণ আফ্রিকাও পর্যবেক্ষক পাঠানো নিশ্চিত করেছে। উল্লেখযোগ্যদের মধ্যে আছেন পাকিস্তান ও ভুটানের প্রধান নির্বাচন কমিশনার।

সমন্বয় কার্যক্রমে যুক্ত সিনিয়র সচিব ও এসডিজি সমন্বয়ক লামিয়া মোর্শেদ জানান, এখন পর্যন্ত প্রায় ৪০০ পর্যবেক্ষকের অংশগ্রহণ নিশ্চিত হয়েছে; আরও কিছু দেশ শিগগিরই নিশ্চিত করবে বলে আশা করা হচ্ছে।

কমনওয়েলথ দলের নেতৃত্বে থাকবেন ঘানার সাবেক প্রেসিডেন্ট নান্না আকুফো-আডো। ইইউ নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন ইউরোপীয় পার্লামেন্ট সদস্য ইভার্স ইজাবস; সঙ্গে থাকবেন আরও কয়েকজন এমইপি।

এবার ৩০০ আসনে ৫০টির বেশি দল ও স্বতন্ত্র প্রার্থীসহ প্রায় দুই হাজার প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।